

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৮৪

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১০. হায়িয শুরু হলে সালাত আদায় করা ছেড়ে দেয়া প্রসঙ্গে

باب مَنْ قَالَ إِذَا أَقْبَلَتِ الْحَيْضَةُ تَدَعُ الصَّلَاةَ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا أَبُو عَقِيلٍ، عَنْ بُهَيَّةَ قَالَتْ: سَمِعْتُ امْرَأَةً تَسْأَلُ عَائِشَةَ عَنِ امْرَأَةٍ فَسَدَ حَيْضُهَا وَأُهْرِيقَتْ دَمًا، فَأَمَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ آمُرَهَا فَلْتَنْظُرْ قَدْرَ مَا كَانَتْ تَحِيضُ فِي كُلِّ شَهْرٍ وَحَيْضُهَا مُسْتَقِيمٌ، فَلْتَعْتَدَّ بِقَدْرِ ذَلِكَ مِنَ الْأَيَّامِ، ثُمَّ لِتَعْتَقُورْ بِثَوْبٍ، ثُمَّ لِتَحْصَلٌ مِنَ الْأَيَّامِ، ثُمَّ لِتَعْتَقُورْ بِثَوْبٍ، ثُمَّ لِتُصَلِّ

_ ضعیف

বাংলা

২৮৪। বুহায়্যাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি শুনলাম, জনৈক মহিলা 'আয়িশাহ্ (রাঃ)-কে এমন মহিলা সম্পর্কে জিজ্ঞাসা করছে যার হায়িযের গোলমাল হয়েছে, রক্তপ্রাব অনবরত জারী রয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ('আয়িশাহ্'কে) নির্দেশ দিলেন আমি যেন তাকে বলি, ইতিপূর্বে প্রতিমাসে যে ক'দিন তার হায়িয় হত তা গণনা করে রাখবে, আর ঐ দিনগুলো পর্যন্ত অপেক্ষা করবে এবং ঐ দিনগুলোতে সালাত ছেড়ে দিবে। অতঃপর গোসল করে (লজ্জাস্থানে) পট্টি বেঁধে সালাত আদায় করবে।[1]

দুর্বল।

English

Narrated Aisha, Ummul Mu'minin:

Bahiyyah said: I heard a woman asking Aisha about the woman whose menses became abnormal and she had an issue of blood. The Messenger of Allah ((**)) asked me to advise her that she should consider the period during



which she used to menstruate every month, when her menstruation was normal. Then she should count the days equal to the length of time (of her normal menses); then she should abandon prayer during those days or equal to that period. She should then take a bath, tie a cloth on her private parts a pray.

ফুটনোট

[1] এ সূত্রে আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন। সনদে আবূ 'আকীল ইয়াহইয়া ইবনুল মুতাওয়াঞ্চিলকে হাফিয দুর্বল বলেছেন। সনদে বুহাইয়াহ অজ্ঞাত। 'আওনুল মা'বূদে রয়েছেঃ সনদের আবূ 'আকীলকে 'আলী ইবনুল মাদীনী ও ইমাম নাসায়ী দুর্বল বলেছেন। ইবনু মাঈন বলেছেন, তিনি কিছুই না। ইমাম আবূ যুর'আহ বলেছেন, তিনি হাদীসে বর্ণনায় শিথিল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন